# প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের পিএস হলেন সাইফুল ইসলাম জয়



সাইফুল ইসলাম জয়। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এবিএম আব্দুস সাত্তারের একান্ত সচিব (পিএস) হিসেবে নিয়োগ পেয়েছেন সিনিয়র সহকারী সচিব মো. সাইফুল ইসলাম জয়।

বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ নিয়োগ শাখা থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে স্বাক্ষর করেন উপসচিব ড. গোলাম মোর্শেদ।

প্রজ্ঞাপন অনুযায়ী, নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) হিসেবে দায়িত্ব পালন করা মো. সাইফুল ইসলাম জয়কে বদলির মাধ্যমে প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব পদে পদায়ন করা হয়েছে।

এর আগে তিনি মন্ত্রিপরিষদ বিভাগে বদলির আদেশাধীন ছিলেন। জনস্বার্থে জারি করা এ আদেশ অবিলম্বে কার্যকর হবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।

মো. সাইফুল ইসলাম জয় ইয়োফাসের সেক্রেটারি এবং ৩৪তম বিসিএস অল ক্যাডার অ্যাসোসিয়েশনের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। এর আগে রূপগঞ্জের ইউএনও হিসেবে দায়িত্ব পালনের সময় সততা ও নিষ্ঠার জন্য তিনি প্রশংসিত হন।

LENS ASIA